গাংনীর ছাতিয়ান গ্রামে স্ত্রীর দাবীতে নারীর অনশন

গাংনীর ছাতিয়ান গ্রামের স্ত্রীর দাবী নিয়ে অনশনে রয়েছে এক প্রেমিকা নারী। হয় স্বামীর অধিকার,না হয় মৃত্যু! এ দু’ই আমার একমাত্র কামনা। দীর্ঘদিনের প্রেমের সম্পর্ক থেকে স্ত্রী হয়েছি। এখন কেনো অধিকার দিবেনা। তাকে ভাল বেসে পরিবার পরিজন সব ছাড়তে হয়েছে। অধিকার না পেলে মৃত্যু ছাড়া আমার যাবার আর কোনো রাস্তা খোলা নেই । যতদিন স্ত্রীর অধিকার না পাবো ততদিন স্বামীর ঘরের দরজায় পিঠ লাগিয়ে বসে থাকবো। এসব কথা বলছিলেন অনশনকারি স্ত্রীর দাবীতে অনশনকারি বিলকিচ খাতুন। স্ত্রীর স্বীকৃতি চেয়ে বুধবার সকাল ১০ টা থেকে অনশন করেছে ওই প্রেমিকা।

জানা গেছে, প্রেমিক সাব্বির হোসেন (২৫) উপজেলার মটমুড়া ইউনিয়নের ছাতিয়ান গ্রামের সাবেক মেম্বার শওকত আলীর ছেলে। প্রেমিকা গাংনী উপজেলার খাসমহল গ্রামের মৃত সাইদুর রহমানের মেয়ে বিলকিস খাতুন (২১)। কয়েক বছর আগে তাদের সম্পর্ক প্রেমের সম্পর্ক গড়ে। অতঃপর প্রেমের সম্পর্ক জায়েজ করতে গত ০৭-০৮-১৯ সালে কুষ্টিয়া নোটারী পাবলিকের মাধ্যমে তারা বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বিয়ের পর ৩ মাস সংসার করলেও পরে সাব্বির হোসেন কোন খোঁজখবর ও স্ত্রীর স্বীকৃতি দিতে অস্বীকার করেন।
বিলকিস খাতুন জানান,সাব্বিরের গ্রামে আমার আত্মীয় থাকার সুবাদে তার সাথে এর আগে থেকেই পরিচিত। আমি কুষ্টিয়া নার্সিং ও সাব্বির পলিটেকনিকেলে লেখাপড়া চলাকালীন অবস্থায় দ’◌ুজনের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে সেটি বিবাহ বন্ধনে আবদ্ধ করি। ছাব্বির আমাকে ২লক্ষ টাকায় দেনমোহরে বিয়ে করেছে। আমার কাছে প্রমাণ স্বরূপ কোর্টে এফিডেভিট কপি ও নিকাহনামা রয়েছে।বিলকিস খাতুনের খালা মালতি বেগম জানান, বিয়ের পরে সাব্বির ও বিলকিস আমার বাসাতে রাত্রিযাপন করে এসেছে দির্ঘদিন। গত ০৮ মাস হচ্ছে সাব্বির হোসেন কোনো খোঁজ খবর রাখে না এ ব্যাপারে সাব্বিরের সাথে যোগাযোগ করতে চাইলে তাকে পাওয়া যায়নি। স্থানীয়রা জানায়,এই মেয়েটি এখানে আসার সাথে সাথে সাব্বির গা ঢাকা দিয়েছে।

স্থানীয়রা আরো জানান,সকাল থেকে সাবেক মেম্বার শওকত আলীর বাসার সামনে স্ত্রী স্বীকৃতির দাবিতে বিলকিস খাতুন নামের একজন মেয়ে অবস্থান নিলে উৎসুক এলাকাবাসী দেখার জন্য ভিড় করে শওকত

মেমম্বারের বাড়ি।

গাংনী থানার ওসি(তদন্ত) সাজেদুল ইসলাম জানান,ঘটনাটির বিষয়ে আমরা অবহিত হয়েছি।ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে, ভিকটিমের পরিবার থেকে এ বিষয়ে অভিযোগ করা হলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুরে অনলাইন ক্লাস বিষয়ক ভার্চ্যুয়াল কনফারেন্স

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের উদ্যোগে অনলাইন ক্লাস বিষয়ক ভার্চ্যুয়াল কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। জেলার ৬৩ টি স্কুলের প্রধান শিক্ষকদের নিয়ে এই কনফারেন্স অনুষ্ঠিত হয়। বুধবার সকাল ১১টার সময় মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের তত্ত্বাবধানে এই কনফারেন্সের আয়োজন করা হয়।

মেহেরপুর অনলাইন ক্লাস নামক ফেসবুক পেজে ক্লাস গ্রহণের বিষয়ে প্রধান শিক্ষকদের আলোচনা করা। করোনাকালিন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অনলাইনে ক্লাস গ্রহণের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালু রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।

ভার্চুয়াল কনফারেন্সে বক্তব্য দেন, জেলা শিক্ষার অফিসার মাহফুজুল হোসেন উজ্জল, মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেন, একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

এসময় মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ৬৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ কনফারেন্সে উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

গাংনীর হাড়াভাঙ্গা ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা বাজারে ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেল ৫ টার দিকে হাড়াভাঙ্গা সেন্টার পাড়া বাজারে এ ডাচ বাংলা ব্যাংক, এজেন্ট ব্যাংকিং এর উদ্বোধন করা হয়। হাড়াভাঙ্গা সেন্টার পাড়ার বাজার কমিটির সভাপতি জামাল উদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাচ-বাংলা এজেন্ট ব্যাংক লিমিটেডের এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম।

এইচবি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক জামশেদ আলীর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করমদি কলেজের প্রভাষক আমজাদ হোসেন ও কাজীপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাফিজুর রহমান। ডাচ বাংলা ব্যাঙ্ক এরিয়া ম্যানেজার আশরাফুল ইসলাম এ এজেন্ট ব্যাংকের সুবিধা বিষয়ে বক্তব্য তুলে ধরেন।

বক্তারা বলেন, এলাকার মানুষ ডাচ বাংলা এজেন্ট ব্যাংকিং থেকে অনেক সুবিধা পাবে। সময় নষ্ট না করে হাতের নাগালেই ব্যাংকিং সুবিধা পাবে মানুষ। ব্যাংকটি হাড়াভাঙ্গা বাজারে হওয়ার কারণে ব্যাংক কর্তৃপক্ষকে এলাকার মানুষ সাধুবাদ জানিয়েছেন।

এ সময় এলাকার নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীতে ২৫ বোতল ফেন্সিডিলসহ

একজন আটক

মেহেরপুরের গাংনী চৌগাছা এলাকায় অভিযান চালিয়ে ২৫ বোতল ফেন্সিডিলসহ দরবেশ আলী(২৩) নামের মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী থানার এসআই তরিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালন করেন।

আটককৃত দরবেশ আলী কুষ্টিয়ার দৌলতুপুর উপজেলার খলিসাকুন্ডি গ্রামের বড়গোরস্থান পাড়ার আব্দুল গনির ছেলে। তার বিরুদ্ধে গাংনী থানায় নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগরে ২ ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট প্রদান

স্বাধীনতার ও মুক্তিযুদ্ধের তীর্থভূমি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ও মোনাখালী ইউনিয়নের জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের মাঝে সন্মান সূচক শুভেচ্ছা স্মারক হিসাবে ক্রেস্ট বিতরণ করা হয়েছে।

করোনা মহামারির কারণে গত ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবসে বীর মুক্তিযোদ্ধাদের ছবি সম্বলিত মহান মুক্তিযুদ্ধের সন্মানসূচক শুভেচ্ছা স্মারক প্রদানের যে অনুষ্ঠান সেটি বন্ধ করার কারণে ক্রেস্ট গুলো উপজেলার মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণ করা সম্ভব হয়নি।

সে জন্য মুক্তিযোদ্ধাদের দাবির প্রেক্ষিতে গত ৯ আগস্ট উপজেলার বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো প্রদান করা এবং অবশিষ্ট মুক্তিযোদ্ধাদের ক্রেস্ট গুলো পৌঁচ্ছে দেওয়ার জন্য মুজিবনগর উপজেলার সাবেক নির্বাহী অফিসার উসমান গনি বিশিষ্ট

মুক্তিযোদ্ধাদের নিকট আবেদন করেন।

তিনি যাবার আগে ক্রেস্টগুলো প্রদানের জন্য বীর মুক্তিযোদ্ধাদের দাবী ছিল। তাই তিনি উপজেলা ও ইউনিয়নের বিশিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের হাতে গত ৯ আগস্ট সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

অবশিষ্ট সকল বীর মুক্তিযোদ্ধার ক্রেস্ট ইউনিয়ন পর্যায়ে পৌঁছে দেওয়ার জন্য বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের প্রতি আবেদন জনান তার ধারাবাহিকতায় মঙ্গলবার সকালে দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ে ক্রেস্ট বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেনের সঞ্চালনায় এবং যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা সাবেক ইউপি কমান্ডার আহসান আলী খান এর সভাপত্বিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আ: কাশেম, বীর মুক্তিযোদ্ধা আবুল হাসেম।

অনুষ্ঠানের মাধ্যমে দারিয়াপুর ও মোনাখালি ইউনিয়নের ৫০ জন বীর মুক্তিযোদ্ধা ও মৃত্যু বরণকারি বীর মুক্তিযোদ্ধাদের পরিবারের সদস্যদের হাতে ক্রেস্ট গুলি তুলে দেওয়া হয়।

গাংনীর মটমুড়ার গাঁজাচাষী দুলাল হোসেনকে জেলগেটে জিজ্ঞাসাবাদ

মেহেরপুরের গাংনীর মটমুড়া গ্রামের গাঁজাচাষী দুলাল হোসেনকে জিজ্ঞাসাবাদ করেছে পুলিশ। মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেল গেটে তাকে জিজ্ঞাসাবাদ করেন ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম। সে মটমুড়া গ্রামের কাশেম আলীর ছেলে।

গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান, গাঁজাচাষী দুলাল হোসেন সম্প্রতি আদালতে অত্মসমর্পন করেন। আদালতে তার ৫ দিনের রিমান্ড আবেদন করলে বিজ্ঞ আদালত ১ দিনের জন্য জেল গেটে জিজ্ঞাসাবাদের অনুমতি প্রদান করে।

জিজ্ঞাসাবাদের এক পর্যায় গাঁজার গাছ সংগ্রহ ও বিক্রি সহ চাষের সাথে জড়িতদের বিষয়ে গুরুত্বপূর্ন তথ্য দিয়েছে মামলার তদন্তের স্বার্থে সবকিছু এখনই বলা সম্ভব হচ্ছেনা। মামলার সুষ্ট তদন্তের প্রয়োজনে আবারো রিমান্ড আবেদন করা হবে।

উল্লেখ্য: দুলাল হোসেন তার বাড়ির পার্শে গাঁজা চাষাবাদ করছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপারের নির্দেশনায় অভিযান চালিয়ে ১শ’৯০টি গাঁজা গাছ উদ্ধার করা হয়।

এ ঘটনায় পুলিশের উপ পরিদর্শক আলী রেজা বাদী হয়ে দুলাল হোসেন ও তার স্ত্রী শেফালীর নামে গাংনী থানায় একটি মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করেছে। মামলা নং ৩২। তাং ৩০.০৭.২০২০ ইং।

মামলায় দুলালের স্ত্রী শেফালী খাতুনকে আটক করলেও পুলিশের উপস্থিতি টের পেয়ে গাঁজা চাষী দুলাল হোসেন পালিয়ে যায় দুলাল হোসেন।

মেহেরপুর হাসপাতালে চিকিৎসা সেবায় সুরক্ষা সামগ্রী প্রদান

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির উদ্যোগে করোনাকালীন চিকিৎসা সেবার সহায়তায় মেহেরপুর জেনারেল হাসপাতালে সুরক্ষা সামগ্রী প্রদান করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের সম্মেলন কক্ষে তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলামের হাতে এসকল সামগী তুলে দেন জেলা আওয়ামীলীগের শীর্ষ নেতৃবৃন্দ।

সিভিল সার্জন ডা: নাসির উদ্দিন, বিএমএ’র সাধারণ সম্পাদক ডা: আবু

তাহের সিদ্দিকী, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল হালিম, যুগ্ন সম্পাদক ইব্রাহীম শাহীন, আমদহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান, জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক মতিউর রহমান মতিনসহ আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় অক্সিজেন কনসেন্ট্রেটর মেশিন, পিপিই, মাস্ক, সেনিটাইজার সহ ১৪ প্রকারের সুরক্ষা সামগ্রী প্রদান করা হয়।

গাংনীতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে একজন আটক

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে আবু তাহের নামের এক লম্পটের বিরুদ্ধে মামলা হয়েছে।
মঙ্গলবার ঐ মহিলার ভাই শফিকুল ইসলাম বাদী হয়ে তাহেরের নামে গাংনী থানায় ধর্ষনের মামলা দায়ের করে। এ ঘটনার পর থেকে আবু তাহের পলাতক রয়েছে। সে ধানখোলা বাগান পাড়ার মৃত ইসলাম আলীর ছেলে।
গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান, সোমবার দিবাগত মধ্যে রাতে প্রতিবন্ধী মহিলাকে ধর্ষনের অভিযোগে লম্পট আবু তাহেরের বিরুদ্ধে একটি ধর্ষনের মামলা দায়ের করেছে। মামলা নং ২০ তাং ১৮.০৮.২০২০ ইং। মামলার পলাতক আসামী আবু তাহেরকে গ্রেফতারের চেষ্টা চলছে। প্রতিবন্ধী ঐ মহিলাকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে। এরপর আদালতে ২২ ধারা মোতাবেক জবানবন্দি দেবেন সে।
মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই হাবিব জানান,প্রতিবন্ধী মহিলার বাড়ি কসবা গ্রামে। সে তার খালাতো বোনের বাড়িতে বেড়াতে আসলে লম্পট আবু তাহের জোর পূর্বক ধর্ষন করে ।
গাংনী থানার ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম আরো জানান,লম্পট আবু তাহের ২০১৯ সালের ১৫ ডিসেম্বর তার ৫ বছর বয়সি সৎ মেয়েকে যৌন নির্যাতন করে। ঐ ঘটনায় মেয়েটির মা মফিরন নেছা বাদী হয়ে গাংনী থানায় নারী ও শিশু নির্যাতন আইনে একটি মামলা দায়ের করেন মামলা নম্বর ১৪। তারিখ ১৬-১২-১৯ ইং । মামলায় জামিন পেয়ে জেলা কারাগার

থেকে কিছুদিন আগে মুক্তি পেয়েছে। মুক্তি পাওয়ার পর সৎ মেয়ে ও মা মফিরকে কয়েকবার হামলা করে। এক পর্যায় মফিরন লম্পট আবু তাহেরকে তালাক দিকে বাধ্য হয়। তালাক হওয়ার পরও মফিরন ও তার মেয়েকে নানা ভাবে অত্যাচার শুরু করেছে।

গাংনীতে রুপালী ব্যাংকের ৫৭৪ শাখা উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ব্যাংকিং সেবায় যুক্ত হলো আরও একটি রাষ্টীয় ব্যাংক রুপালী ব্যাংক লিমিটেড এর কার্যক্রম । বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে জন্মশতবার্ষিকীর বছরে জনসেবায় নিবেদিত একটি লাল সবুজ ব্যাংক, রূপালী ব্যাংক লিমিটেড এর ৫৭৪ তম শাখা মেহেরপুর জেলার গাংনীতে উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ ঘটিকার সময় গাংনী বাজারের শফি টাওয়ােও দ্বিতীয় তলায় রূপালী ব্যাংক লিমিটেডের গাংনী শাখার উদ্বোধন ঘোষণা করা হয়েছে। রূপালী ব্যাংক লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও ওবায়েদ উল্লাহ আল মাসুদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রূপালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ চেয়ারম্যান মনজুর হোসেন এমপি।

এছাড়াও অনলাইন জুম মিটিং এ যুক্ত হয়েছিলেন ডিএমডি জাহাঙ্গীর আলম, খন্দকার আতাউর রহমান, অরুন পাল, জিএম গোলাম মর্তুজা, শচীন্দ্রনাথ সমাদ্দার, ডিজিএম তাজউদ্দীন মাহমুদ, হাবিবুর রহমান, শাখা ব্যবস্থাপক আবুল কালাম আজাদ, পিও, আইসিটি অপারেশনস আব্দুল্লাহ মুহাম্মদ, আবু জাহিদ।

অনলাইন জুম মিটিং শেষে উপস্থিত সকলের সামনে রূপালী ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েছে বক্তব্য রাখেন, খুলনা বিভাগীয় কার্যালয় রূপালী ব্যাংক লিমিটেডের মহা ব্যবস্থাপক শচীন্দ্রনাথ সমাদ্দার। তিনি ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে গাংনীর শাখার উদ্বোধন করেন।

এ সময় গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন, সাধারণ

সম্পাদক বজলুর রহমান বুলুসহ গাংনী বাজারের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ অংশে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উত্তম গ্রাহক সেবা ও আকর্ষনীয় বিভিন্ন সুবিধার অঙ্গীকার নিয়ে এবং সকল খণের ক্ষেত্রে ৯% সুদ হার এর নিশ্চয়তা দিয়ে একঝাঁক মেধাবী, চৌকশ ও ডেডিকেটেড অফিসার নিয়ে শাখা ম্যানেজার সিনিয়র প্রিন্সিপাল অফিসার আবুল কালাম আজাদ এর দক্ষ পরিচালনায় গাংনীর মানুষ কে সবোর্চচ সেবার প্রতিশ্রুতিতে শুভ উদ্বোধন করা হলো রুপালী ব্যাংক গাংনী শাখার কার্যক্রম ।

করোনা আক্রান্ত হয়ে গাংনীতে কৃষকের মৃত্যু

করোনা আক্রান্তে মেহেরপুরের গাংনীর চেংগাড়া গ্রামের মহাসিন আলী
(৬৫) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুর ১২ টায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। মহাসিন আলী চেংগাড়া পূর্বপাড়ার মফিজউদ্দীনের ছেলে।

মৃতের পরিবারের সদস্যরা জানায়, মহাসিন আলী টাইফয়েড ও মুখে ক্ষত সহ বিভিন্ন রোগে আক্রান্ত থাকার কারনে গত ৪ আগষ্ট কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার সর্দি জ্বর হওয়ার কারনে করোনা পরীক্ষার জন্য নমুনা দেয়া হয়। পরে নমুনা পরীক্ষার ফলাফলে করোনা পজেটিভ আসলে সেখানেই রাখা হয়। পরে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: রিয়াজুল আলম বলেন,করোনায় মৃত মহাসিন আলীর বাড়িতে স্বাস্থ্যকর্মী পাঠানো হয়েছে। এছাড়া মৃত্যু’র বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ বলেন,করোনা আক্রান্তে মৃতের পরিবার চাইলে তারা স্বাস্থ্য বিধি মেনে নিজেরাই

দাফন কাফন করতে পারে। যদি তারা প্রশাসনের সহযোগিতা চাই তাহলে ইসলামী ফাউন্ডেশনের সদস্যরা জানাজা শেষে দাফন সম্পন্ন করবে।